# জাতীয় স্মৃতিসৌধে বিজয় দিবসে গবিসাসের ফুলেল শ্রদ্ধা




সংগৃহীত ছবি

মহান বিজয় দিবস উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছে গণ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (গবিসাস)।

আজ মঙ্গলবার (১৬ ডিসেম্বর) দুপুর ১২টায় সংগঠনের নেতৃবৃন্দ ও সদস্যরা সাভারের জাতীয় স্মৃতিসৌধে শহীদ বেদিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। এ সময় মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও স্বাধীনতার আদর্শ রক্ষার অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়।

২০১৩ সালে প্রতিষ্ঠিত গণ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (গবিসাস) গঠনতন্ত্র অনুযায়ী প্রতি বছর মহান বিজয় দিবসে স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করে থাকে। এরই ধারাবাহিকতায় এ বছরের শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে চলতি কার্যকরী কমিটির আনুষ্ঠানিক কার্যক্রম শেষ হয় এবং একই দিনে কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়।

শ্রদ্ধা নিবেদন শেষে গবিসাসের সভাপতি সানজিদা জান্নাত পিংকি বলেন, ‘সাম্য, মানবিকতা, মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে যে মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছিল, তার চূড়ান্ত বিজয় আসে ১৬ ডিসেম্বর। জাতির শ্রেষ্ঠ সন্তানদের আত্মত্যাগের বিনিময়েই আমরা আজকের স্বাধীন বাংলাদেশ পেয়েছি।’ তিনি আরও বলেন, ‘এই স্বাধীনতা রক্ষা ও মুক্তিযুদ্ধের চেতনা প্রজন্ম থেকে প্রজন্মে বহন করাই আমাদের দায়িত্ব।’

এ সময় গবিসাসের সাবেক সভাপতি ও দৈনিক আজকের পত্রিকার সাভার প্রতিনিধি মো. রিফাত মেহেদীসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ, শিক্ষানবিশ সদস্য এবং শুভাকাঙ্ক্ষীরা উপস্থিত ছিলেন।